# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ৩০/পিই/ ২০০৩(অংশ)/২২৮ তারিখ: ২১/১১/২০২৪

## বিজ্ঞপ্তি

বিষয়ঃ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,ঢাকার আন্তঃ কলেজ (উঃমাঃ) খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতা, ২০২৪-২০২৫ অনুষ্ঠান বিষয়ে বিস্তারিত বিবরণ ঢাকা বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকার আন্তঃ কলেজ (উঃমাঃ) খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতা,২০২৪-২০২৫ এর জেলা,জোন ও বিভাগীয় পর্যায়ের খেলা অনুষ্ঠানের লক্ষে বোর্ডের শারীরিক শিক্ষা ও ক্রীড়া পরিচালনা (উঃমাঃ) কমিটির এক সভা ১৯/১১/২০২৪ তারিখে ঢাকা শিক্ষা বোর্ডে অনুষ্ঠিত হয়েছে। উল্লিখিত খেলাসমূহ পরিচালনার জন্য খেলার নীতিমালা (বাইলজ), খেলা শুরু ও শেষ করার তারিখ, ক্রীড়া কমিটির সভাপতি মনোনয়ন ইত্যাদি বিষয়ে বিস্তারিত বিবরণ ঢাকা বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করা হলো। খেলা সমূহ সুষ্ঠুভাবে ও যথাসময়ে অনুষ্ঠানের বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা একান্তভাবে কামনা করা যাচ্ছে।

21.11.24

প্রফেসর আজাদ হোসেন চৌধুরী
সচিব
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

অধ্যক্ষ, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকার আওতাধীন সকল কলেজ ও স্কুল অ্যান্ড কলেজ এবং সভাপতি, ক্রীড়া কমিটি, জেলা,জোন ও বিভাগীয় পর্যায়ের খেলা-২০২৪-২০২৫ ।

২৫/১১/২০২৪

মাধ্যামিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
www.dhakaeducatiomboard.gov.bd

স্মারক নং-৩০/পিই/ম.ন.জো/২০০৩(অংশ)/ ২২৮ (ক)

তারিখঃ ২১/১১/২০২৪

বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকার আওতাধীন সকল কলেজ/স্কুল অ্যান্ড কলেজের সম্মানিত অধ্যক্ষগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকার আন্তঃ কলেজ (উঃমাঃ) খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতা, ২০২৪-২০২৫ অনুষ্ঠানের লক্ষে ১৯/১১/২০২৪ তারিখে বোর্ডের সম্মানিত চেয়ারম্যানের সভাপতিত্বে বোর্ডের শারীরিক শিক্ষা ও ক্রীড়া পরিচালনা (উঃমাঃ) কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত মোতাবেক এ বোর্ডের অনুমতি ও স্বীকৃতি প্রাপ্ত সকল কলেজ ও স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থীগণ খেলায় অংশগ্রহণ বাধ্যতামূলক। এ বোর্ডের উচ্চমাধ্যমিক পর্যায়ের বার্ষিক আন্তঃ কলেজ (উঃ মাঃ) খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতা-২০২৪-২০২৫ শুরু ও সমাপ্তির তারিখ নিম্নরুপঃ

১। (ক) ১৩টি জেলা ভিত্তিক খেলা- ০৫/১২/২০২৪ তারিখ হতে ১৪/১২/২০২৪ তারিখ পর্যন্ত।

(খ) জোন পর্যায়ের (ঢাকা মহানগরী জোন ব্যতিত) খেলা- ০২/০১/২০২৫ তারিখ হতে ১২/০১/২০২৫ তারিখ পর্যন্ত।

জোন পর্যায়ের খেলার ফলাফল ক্রীড়া কমিটির জোন সভাপতিগণ ১৫/০১/২০২৫ তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর ১ নম্বর ভবনের ৪র্থ তলায় শারীরিক শিক্ষা অফিসারের কক্ষে পৌঁছানোর ব্যবস্থা করবেন।

২। ঢাকা মহানগরী জোন পর্যায়ের খেলাঃ ১৫/১২/২০২৪ তারিখ হতে ১৫/০১/২০২৫ তারিখ পর্যন্ত।

৩। ঢাকা বোর্ড বিভাগীয় (চূড়ান্ত) প্রতিযোগিতা- ০৫/০২/২০২৫ তারিখ ১০//০২/২০২৫ তারিখ পর্যন্ত।

৪। আন্তঃ কলেজ (উঃ মাঃ) খেলাধূলা ও ক্রীড়া প্রতিযোগিতা ২০২৪-২০২৫ বোর্ডের পক্ষে পরিচালনা করার জন্য নিম্ন বর্ণিত জেলা জোন এবং বিভাগীয় পর্যায়ের শারীরিক শিক্ষা ও ক্রীড়া পরিচালনা কমিটির সভাপতি মনোনীত করা হলো। ভেনু কলেজের শরীরচর্চা/শারীরিক শিক্ষা/ক্রীড়া শিক্ষকগন পদাধিকার বলে শারীরিক শিক্ষা ও ক্রীড়া পরিচালনা কমিটির সদস্য সচিব হিসেবে মনোনীত করা হলো।

<u>জেলা পর্যায়</u>

| ক্রমিক নং | জেলার নাম | প্রতিষ্ঠান | স্থান |
|---|---|---|---|
| ১। | ঢাকা | অধ্যক্ষ<br>ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ, মোহাম্মদপুর ঢাকা | ঢাকা |
| ২। | গাজীপুর | অধ্যক্ষ<br>কাজী আজিম উদ্দিন কলেজ, জয়দেবপুর, গাজীপুর। | গাজীপুর |
| ৩। | নরসিংদী | অধ্যক্ষ<br>নরসিংদী সরকারি কলেজ, নরসিংদী। | নরসিংদী |
| ৪। | মুন্সীগঞ্জ | অধ্যক্ষ<br>সরকারি হরগঙ্গা কলেজ, মুন্সিগঞ্জ | মুন্সীগঞ্জ |
| ৫। | মানিকগঞ্জ | অধ্যক্ষ<br>সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ। | মানিকগঞ্জ |
| ৬। | নারায়নগঞ্জ | অধ্যক্ষ<br>সরকারি তোলারাম কলেজ, নারায়নগঞ্জ | নারায়নগঞ্জ |
| ৭। | টাংগাইল | অধ্যক্ষ<br>সরকারি এম, এম, আলী কলেজ, কাগমারী, টাংগাইল। | টাংগাইল |
| ৮। | ফরিদপুর | অধ্যক্ষ<br>সরকারি রাজেন্দ্র কলেজ, ফরিদপুর | ফরিদপুর |
| ৯। | মাদারীপুর | অধ্যক্ষ<br>সরকারি মাদারীপুর কলেজ, মাদারীপুর | মাদারীপুর |
| ১০। | শরীয়তপুর | অধ্যক্ষ<br>শরিয়তপুর সরকারি কলেজ, শরীয়তপুর | শরীয়তপুর |
| ১১। | রাজবাড়ী | অধ্যক্ষ<br>সরকারি রাজবাড়ী কলেজ, রাজবাড়ী। | রাজবাড়ী |
| ১২। | গোপালগঞ্জ | অধ্যক্ষ<br>সরকারি বঙ্গবন্ধু কলেজ, গোপালগঞ্জ। | গোপালগঞ্জ |
| ১৩। | কিশোরগঞ্জ | অধ্যক্ষ<br>সরকারি গুরুদয়াল কলেজ, কিশোরগঞ্জ। | কিশোরগঞ্জ |

০৪ টি জোন পর্যায়:

| ক্রমিক নং | জোনের নাম | জেলাসমূহ | সভাপতি | স্থান |
|---|---|---|---|---|
| ০১। | ঢাকা মহানগরী জোন | ঢাকা মেট্রোপলিটন এলাকায় অবস্থিত কলেজ/স্কুল এ্যান্ড কলেজ সমূহ নিয়ে গঠিত | চেয়ারম্যান মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা | ঢাকা মহানগর |
| ০২। | ঢাকা জোন | ঢাকা, নারায়নগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, ও গাজীপুর জেলা সমূহ নিয়ে গঠিত। | অধ্যক্ষ সরকারী তোলারাম কলেজ, নারায়ানগঞ্জ | নারায়ানগঞ্জ |
| ০৩। | ফরিদপুর জোন | ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, মাদারীপুর ও শরীয়তপুর জেলা সমূহ নিয়ে গঠিত। | অধ্যক্ষ সরকারি বঙ্গবন্ধু কলেজ, গোপালগঞ্জ। | গোপালগঞ্জ |
| ০৪। | কিশোরগঞ্জ জোন | টাংগাইল, কিশোরগঞ্জ এবং নরসিংদী জেলা সমূহ নিয়ে গঠিত। | অধ্যক্ষ সরকারি গুরুদয়াল কলেজ, কিশোরগঞ্জ। | কিশোরগঞ্জ |

বিভাগীয় (চুড়ান্ত) পর্যায়

| | | | | |
|---|---|---|---|---|
| ০১। | বিভাগীয় (ফাইনাল খেলা) | ঢাকা মহানগরী জোন, ঢাকা জোন, ফরিদপুর জোন এবং কিশোরগঞ্জ জোন সমূহের খেলার ফলাফলের ভিত্তিতে। | সভাপতি চেয়ারম্যান মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা। ---- পদাধিকারবলে | ঢাকা মহানগরী |

৫। জেলা পর্যায়: জেলা পর্যায়ে অবস্থিত কলেজ সমূহের ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতায় অংশ গ্রহণের নিমিত্তে জেলা ক্রীড়া কমিটির সভাপতি তাঁর আওতাধীন জেলার সকল কলেজ/স্কুল এ্যান্ড কলেজ প্রধানগণকে অবহিত করণপূর্বক নীতিমালা (বাইলজ) অনুযায়ী খেলার যাবতীয় আয়োজন সম্পন্ন করে খেলার ফলাফল ও বিস্তারিত কাগজপত্র ক্রীড়া কমিটির জোন সভাপতির নিকট প্রেরণ করবেন।

৬। জোন পর্যায়: জোন পর্যায়ের খেলায় অংশগ্রহণকারী বিজয়ী খেলোয়াড়গন (বাইলজ/নীতিমালা অনুযায়ী) বিভাগীয় পর্যায়ে খেলার জন্য মনোনীত হবেন। জোন ক্রীড়া কমিটির সভাপতির সংগে যোগাযোগ পূর্বক জেলা পর্যায়ে খেলায় বিজয়ীগন জোন পর্যায়ে খেলায় অংশগ্রহণ করবে। জোন পর্যায়ে খেলায় বিজয়ী কলেজের নাম, জেলার নাম, কম পক্ষে ২টি মোবাইল নম্বর (নাম সহ) এবং খেলার ইভেন্ট উল্লেখ পূর্বক ০১/০১/২০২৫ তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা'র ১ নম্বর ভবনের ৪র্থ তলায় শারীরিক শিক্ষা অফিসারের নিকট অবশ্যই পৌঁছাতে হবে। বিজয়ী অ্যাথলেটদের ক্ষেত্রে খেলোয়াড়দের কলেজের নাম, খেলোয়াড়/খেলোয়াড়দের নাম ও মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ থাকতে হবে।

৭। ঢাকা মহানগরী জোন এর অত্র ২০২৪-২০২৫ খেলায় অংশগ্রহণের নিমিত্তে ঢাকা শিক্ষা বোর্ডে আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ- ০৫/১২/২০২৪। আবেদন পত্রে খেলার ইভেন্ট, পুরুষ ও মহিলা, অধ্যক্ষ এবং ক্রীড়া শিক্ষকের মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ থাকতে হবে। কলেজের প্যাডে ও অধ্যক্ষের স্বাক্ষরিত এ আবেদন পত্র ঢাকা শিক্ষা বোর্ডের ১ নম্বর ভবনের ৪র্থ তলায় শারীরিক শিক্ষা অফিসারের নিকট সরাসরি জমা দিতে হবে।

৮। বিভাগীয় খেলায় অংশগ্রহণের জন্য জেলা ক্রীড়া কমিটির সভাপতি তাঁর আওতাধীন জেলার সকল প্রতিযোগীকে ঢাকা শিক্ষা বোর্ড প্রদত্ত খেলার ফিকচারে উল্লিখিত তারিখ ও সময় অনুযায়ী খেলার মাঠে যথা সময়ে উপস্থিতি নিশ্চিত করবেন। এ বিষয়ে জোন সভাপতিও সার্বিক সহযোগিতা প্রদান করবেন। ঢাকায় অনুষ্ঠিতব্য বিভাগীয় পর্যায়ের খেলায় অংশগ্রহণের জন্য খেলোয়াড়/খেলোয়াড়গণের সংগে আগত ক্রীড়া শিক্ষক/শিক্ষিকা খেলার নীতিমালা (বাইলজ) এর ক্রমিক নম্বর ১১ এ উল্লিখিত সকল প্রকার ডকুমেন্টস অবশ্যই সংগে আনবেন। কলেজের ক্রীড়া শিক্ষক/শিক্ষিকা ছাড়া অন্য কেউ কাগজপত্র জমা দিতে এবং খেলোয়াড়দের প্রতিনিধিত্ব করতে পারবেন না। উল্লেখ্য, জেলা, জোন ও বিভাগীয় খেলার জন্য প্রেরিত খেলোয়াড় তালিকায় অবশ্যই অধ্যক্ষের স্বাক্ষর থাকতে হবে। নীতিমালা (বাইলজ) বহির্ভূত বা বহিরাগত কোন খেলোয়াড়ের নাম তালিকায় অন্তর্ভুক্ত থাকলে সে জন্য সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ ওই কলেজের প্রতিনিধিত্বকারী শিক্ষক/শিক্ষিকা দায়ী থাকবেন। যে কোন প্রয়োজনে-মোবাইল নম্বর মিজানুর রহমান ০১৯১২৪৯৯৭১৪,

৯। এতদসংগে প্রেরিত নীতিমালা (বাইলজ) ২০২৪-২০২৫ এর ক্রমিক নং ৭ এবং ৮ এ উল্লিখিত প্রতিযোগিতায় কমপক্ষে একটি বিষয়ে অংশগ্রহণ বাধ্যতামূলক। উল্লেখ্য, খেলার সংগে সংশ্লিষ্ট সকলকে নীতিমালা (বাইলজ) পুংখানুপংখরুপে অনুসরণ করার জন্য বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

| | | |
|---|---|---|
| মোঃ মিজানুর রহমান<br>শারীরিক শিক্ষা অফিসার<br>মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা | আব্দুর রহমান শিকদার<br>প্রধান মুল্যায়ন অফিসার<br>মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা। | প্রফেসর তপন কুমার সরকার<br>চেয়ারম্যান<br>মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা। |

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকার আন্তঃ কলেজ (উঃ মাঃ) খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতার নীতিমালা (বোইপড়)-২০২৪-২০২৫

০১। ফুটবলঃ (পুরুষ ও মহিলা)
ফুটবল প্রতিযোগিতার প্রতিটি খেলা পুরুষঃ ৩০ মিঃ ৫ মিঃ ৩০ মিঃ ৬৫ মিনিট। মহিলাঃ ২০ মিঃ ৫ মিঃ ২০ মিঃ ৪৫ মিনিট অনুষ্ঠিত হবে। শেষ পর্যন্ত খেলা অমিমাংশিত থাকলে টাইব্রেকারের মাধ্যমে ফলাফল নির্ধারণ করা হবে। খেলা চলাকালীন সর্বোচ্চ ০৫ (পাঁচ) জন খেলোয়াড় বদলী করা যাবে।

০২। ক্রিকেট: (পুরুষ ও মহিলা)
(ক) ক্রিকেট প্রতিযোগিতার প্রতি ম্যাচে প্রত্যেক দল ২০ ওভার এবং ১ জন বোলার আন্তর্জাতিক নিয়ম অনুসারে ১/৫ ভাগ ওভার বল করার সুযোগ পাবে।
(খ) খেলা শুরু হওয়ার নির্দিষ্ট সময়ের ৩০ মিনিট পূর্বে খেলা পরিচালনা কমিটির নিকট খেলোয়াড় তালিকা জমা দিতে হবে।
(গ) ক্রিকেট প্রতিযোগিতা অনুষ্ঠানে যদি প্রাকৃতিক কারণবশতঃ যথা-ঝড়-বৃষ্টি, ঘন কুয়াশা ইত্যাদির জন্য মাঠের অবস্থা খেলার অনুপযোগী হয় তবে, আম্পায়ার খেলার ওভার কমিয়ে খেলা সম্পন্ন করবেন।
(ঘ) খেলা যদি টাই অর্থাৎ উভয় দলের ন-সমান হয় সে ক্ষেত্রে সুপার ওভারের মাধ্যমে ফলাফল নির্ধারিত হবে।
(ঙ) প্রাকৃতিক দুর্যোগের কারণে আদৌ খেলা শুরু করা সম্ভব না হলে TOSS OF COIN এর মাধ্যমে ফল নির্ধারণ করা হবে।
(চ) পুরুষ ও মহিলা উভয় ক্ষেত্রে খেলোয়াড়দের রঙ্গিন পোষাকে মাঠে নামতে হবে এবং সাদা বলে খেলা অনুষ্ঠিত হবে।

০৩। ভলিবল (পুরুষ ও মহিলা)
ভলিবল প্রতিযোগিতায় প্রতি দলে ৬ (ছয়) জন রোটেশন পদ্ধতিতে ৩ (তিন) সেটে সকল খেলা অনুষ্ঠিত হবে। দুই সেটে জয়ী দলকে বিজয়ী ঘোষণা করা হবে।

০৪। হ্যান্ডবল (পুরুষ ও মহিলা)
হ্যান্ডবল ১৫+৫+১৫ মিঃ-৩৫ মিনিট অনুষ্ঠিত হবে। ড্র হলে সরাসরি টাইব্রেকারের মাধ্যমে ফল চূড়ান্ত হবে।

০৫। ব্যাডমিন্টন (পুরুষ ও মহিলা)
ব্যাডমিন্টন প্রতিযোগিতা একক ও দ্বৈত ৩ (তিন) সেট খেলা অনুষ্ঠিত হবে। দুই সেটে জয়ী দলকে বিজয়ী ঘোষণা করা হবে। উল্লেখ্য প্রতিযোগীর সংখ্যা বেশী হলে রাউন্ডের খেলার পয়েন্ট কমিয়ে খেলা সমাপ্ত করা হবে।

বিশেষ দ্রষ্টব্যঃ
(ক) ফুটবল, ক্রিকেট, হ্যান্ডবল, ভলিবল ও ব্যাডমিন্টন প্রতিযোগিতা "নক আউট" পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণকারী দলসমূহ নিজেদের খেলার সরঞ্জাম যথা-বুট, হজ, সিনগার্ড, জার্সি, প্যান্ট, কিপিং গ্লভস, ব্যাট, প্যাড, চেস্টগার্ড, রেকেট ইত্যাদি ব্যবহার করবে।
(খ) কোন খেলোয়াড়কেই নির্দিষ্ট খেলার ড্রেস, বুট, কেডস ইত্যাদি ছাড়া মাঠে নামতে দেওয়া হবে না।
(গ) ফুটবল, ভলিবল ও হ্যান্ডবল জার্সিতে অবশ্যই আন্তর্জাতিক নিয়ম অনুযায়ী বড় অক্ষরে নাম্বার থাকতে হবে।

০৬। অ্যাথলেটিকস (পুরুষ ও মাহিলা)
অ্যাথলেটিকস প্রতিযোগিতায় ১ জন প্রতিযোগী ব্যক্তিগত সর্বোচ্চ ৩ (তিন) বিষয়ে (ট্র্যাক এবং ফিল্ড) ও রিলেতে অংশগহণ করতে পারবে। ব্যক্তিগত চ্যাম্পিয়নশীপ, ব্যক্তিগত বিষয়ে অর্জিত মোট পয়েন্টের ভিত্তিতে নির্ধারণ করা হবে। যদি ব্যক্তিগত চ্যাম্পিয়নের ক্ষেত্রে একাধিক প্রতিযোগীর টাই হয় তবে, রিলের পয়েন্ট যোগ করে ব্যক্তিগত চ্যাম্পিয়নশীপ নির্ধারণ করা হবে। ব্যক্তিগত বিষয়ে ১ম স্থান ৫ পয়েন্ট, ২য় স্থান ৩ পয়েন্ট ও ৩য় স্থান ১ পয়েন্ট ধরা হবে। রিলেতে ১ম স্থান ১২ পয়েন্ট, ২য় স্থান ৭ পয়েন্ট ও ৩য় স্থান পয়েন্ট ধরা হবে। উলেখ্য, জেলা/জোন পর্যায়ে সর্বাধিক পয়েন্ট অধিকারী কলেজকে আন্তঃ কলেজ জেলা/জোনাল চ্যাম্পিয়ন হিসেবে ঘোষণা করা হবে।

০৭। নিম্নলিখিত খেলায় উল্লেখিত সংখ্যক প্রতিযোগী ও কর্মকর্তা সমন্বয়ে দল গঠিত হবে।

| খেলা | খেলোয়াড়+কর্মকর্তা | খেলা | খেলোয়াড়+কর্মকর্তা |
|---|---|---|---|
| (ক) ফুটবল (পুরুষ) | ১৬ জন+২ জন | (খ) ফুটবল (মহিলা) | ১৬ জন+ ২ জন |
| (গ) ক্রিকেট (পুরুষ) | ১৬ জন+২ জন | (ঘ) ক্রিকেট (মহিলা) | ১৬ জন+ ২ জন |
| (ঙ) ভলিবল (পুরুষ) | ১২ জন+২ জন | (চ) ভলিবল (মহিলা) | ১২ জন+২ জন |
| (ছ) হ্যান্ডবল (পুরুষ) | ১২ জন+২ জন | (জ) হ্যান্ডবল (মহিলা) | ১২ জন+ ২ জন |
| (ঝ) ব্যাডমিন্টন (পুরুষ) (একক ও দ্বৈত) | (১+২) ৩ জন + ১ জন | (ঞ) ব্যাডমিন্টন (মহিলা) (একক ও দ্বৈত) | (১+২) ৩ জন + ১ জন |
| (ট) অ্যাথলেটিকস (পুরুষ) | প্রতিটি ইভেন্টে ২ জন + ১ জন ও রিলেতে একটি দল | (ঠ) অ্যাথলেটিকস (মহিলা | প্রতিটি ইভেন্টে ২ জন + ১ জন ও রিলেতে একটি দল |

৮। অ্যাথলেটিকস (ক্রীড়া) ইভেন্টসমূহঃ
পুরুষঃ ১০০ মিটার, ২০০ মিটার, ৪০০ মিটার, ৮০০ মিটার, ১৫০০ মিটার দৌড়, উচ্চ লম্ফ, দীর্ঘ লম্ফ, ত্রিলক্ষ, লৌহ গোলক নিক্ষেপ, চাকতি নিক্ষেপ, বর্শা নিক্ষেপ ও ১০০x৪ রিলে। মহিলাঃ ১০০ মিটার, ২০০ মিটার দৌড়, উচ্চ লম্ফ, দীর্ঘ লম্ফ, লৌহ গোলক নিক্ষেপ, চাকতি নিক্ষেপ, বর্শা নিক্ষেপ ও ১০০x৪ রিলে। ক্রীড়া প্রতিযোগিতায় (পুরুষ ও মহিলা) ১ জন প্রতিযোগী ব্যক্তিগত সর্বোচ্চ ৩ ইভেন্টস ও রিলেতে অংশ গ্রহণ করতে পারবে।

৯। (ক) জেলা পর্যায়ের ফুটবল, ক্রিকেট, হ্যান্ডবল, ভলিবল, ব্যাডমিন্টন প্রতিযোগিতার চ্যাম্পিয়ন ও অ্যাথলেটিকস এর প্রথম ও দ্বিতীয় স্থান অধিকারী প্রতিযোগী এবং রিলের চ্যাম্পিয়ন দল জোনাল পর্যায়ে অংশগ্রহণ করবে; অনুরুপভাবে জোনাল পর্যায়ের চ্যাম্পিয়ন, অ্যাথলেটিকস এর প্রথম ও দ্বিতীয় স্থান অধিকারী প্রতিযোগী এবং রিলের চ্যাম্পিয়ন ও রানার্সআপ দল কেবলমাত্র ঢাকা শিক্ষা বোর্ড বিভাগীয় খেলায় অংশগ্রহণ করতে পারবে। উল্লেখ্য, যে কোন ইভেন্টের খেলা শুরুর সময় দাখিলকৃত খেলোয়াড় তালিকার বাহিরে পরবর্তী রাউন্ডের খেলায় নতুনভাবে কোন খেলোয়াড় অন্তর্ভুক্ত করা যাবেনা।

(খ) ০৪টি জোন পর্যায় এবং ঢাকা শিক্ষা বোর্ড বিভাগীয় খেলায় অ্যাথলেটিকল ব্যতিত অন্যান্য সকল ইভেন্টের খেলায় তৃতীয় স্থান নির্ধারণী খেলা অনুষ্ঠিত হবে। সেমি ফাইনালের প্রতিদ্বন্দ্বি টীমের জয়ী ২টি দল ফাইনাল খেলবে এবং পরাজিত ২টি দল তৃতীয় স্থান নির্ধারণী খেলায় প্রতিদ্বন্দ্বিতা করবে। তৃতীয় স্থান অধিকারি বিজয়ী দল পুরস্কার ও সনদ প্রাপ্য হবে।

১০। <u>যারা কলেজের নিয়মিত ছাত্র-ছাত্রী এবং ২০২৩ সাল ও ২০২৪ সালে এসএস সি পাশ করে নিয়মিতভাবে উচ্চমাধ্যমিক শ্রেণির শিক্ষার্থী কেবলমাত্র তারাই ২০২৪-২০২৫এর খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।</u>

১১। খেলাধুলায় অংশগ্রহণকারি উচ্চমাধ্যমিক শ্রেণির ছাত্র-ছাত্রীদের সংশ্লিষ্ট জেলা, জোন ও বিভাগীয় ক্রীড়া পরিচালনা কমিটির সভাপতি/ বোর্ডের শারীরি শিক্ষা অফিসার/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট নির্দিষ্ট তারিখে খেলা শুরু হওয়ার পূর্বে ইভেন্ট উল্লেখ পূর্বক অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত খেলোয়াড়দের তালিকা জমা দিতে হবে। প্রকৃত ছাত্র-ছাত্রীদের সনাক্তকরণের জন্য খেলার দিন প্রতিযোগির এস এস সি পরীক্ষার মূল প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ডের মূল কপি, অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত ২ কপি পাসপোর্ট সাইজের ছবি, কলেজে ভর্তির ছবি সম্বলিত **ESIF** এর সম্পূর্ণ রঙিন কপি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) অবশ্যই সংগে আনতে হবে। বর্ণিত যে কোন প্রকার ডকুমেন্টস জমা দিতে ব্যর্থ সংশ্লিষ্ট খেলোয়াড়/খেলোয়াড়গন খেলায় অংশগ্রহণ করতে পারবেনা। ** বিশেষভাবে উল্লেখ্য, ভর্তির ছবি সম্বলিত **ESIF**এর রঙিন কপি সংগে আনতে ব্যর্থ হলে খেলায় অংশগ্রহণ করতে পারবেনা

<u>সংশ্লিষ্ট ক্রীড়া শিক্ষকগনের জন্য জ্ঞাতব্য বিষয়ঃ</u> খেলোয়াড়দের সংগে আগত ক্রীড়া শিক্ষক এ নীতিমালা (বাইলজ) যথাযথভাবে অনুসরণ পূর্বক খেলোয়াড়দের প্রস্তুত করে নীতিমালার (বাইলজ) ১১ নং ক্রমিকে উল্লিখিত সকল প্রকার ডকুমেন্টসসহ খেলায় অংশগ্রহণকারি খেলোয়াড়দের নিয়ে নির্ধারিত তারিখ ও সময়ে খেলার মাঠে উপস্থিত থাকবেন।

১২। সংশ্লিষ্ট জোনের খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণকারী কেবলমাত্র চ্যাম্পিয়ন ছাত্র-ছাত্রীরাই বিভাগীয় প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

১৩। প্রতি টীমকে নির্দিষ্ট দিনের খেলার নির্ধারিত সময়ের ৩০ মিনিট পূর্বে মাঠে উপস্থিত থাকতে হবে। কারণ, খেলোয়াড়দের ফটো ও প্রয়োজনী কাগজপত্র যাচাই করা হবে। নির্ধারিত সময়ের মধ্যে কোন দল মাঠে হাজির না হলে খেলা শুরু করার নির্ধারিত সময়ের পর ৩০ মিনিট অপেক্ষা করে রেফারী/আম্পায়ার শেষ বাঁশি বাজিয়ে খেলার সমাপ্তি ঘোষণা করে কমিটির নিকট রিপোর্ট দাখিল করতে পারবেন।

১৪। খেলোয়াড়দের প্রয়োজনীয় সকল কাগজপত্রের সত্যায়িত ফটোকপি খেলার ৩০ মিনিট পূর্বে সংশ্লিষ্ট ক্রীড়া কমিটির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে। অন্যথায়, সংশ্লিষ্ট প্রতিযোগীকে খেলায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

১৫। ঢাকা শিক্ষা বোর্ডের সর্বশেষ খেলার ফলাফলের ভিত্তিতে চ্যাম্পিয়ন 'বাই' পাবে। খেলা চলাকালীন সংশ্লিষ্ট সকল খেলাধুলায় রেফারী/ আম্পায়ারদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। যদি কোন কলেজের টীমে কোন অবৈধ খেলোয়াড় অংশগ্রহণ করে এবং তা প্রমাণিত হয়, তাহলে উক্ত কলেজকে সংশ্লিষ্ট খেলার প্রতিযোগিতা হতে বহিস্কারসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। সে ক্ষেত্রে ক্রীড়া পরিচালনা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭। আন্তঃ কলেজ (উঃ ঃ মাঃ) খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতা, ২০২৪-২০২৫ বোর্ডের পক্ষে পরিচালনা করার জন্য মনোনীত কর্মকর্তাবৃন্দ সংশ্লিষ্ট জেলা জোন ও বিভাগীয় (চূড়ান্ত) পর্যায়ের খেলার দায়িত্ব পালন করবেন।

১৮। (ক)বিশেষ কারণে/যৌক্তিক বিষয়ে যদি কোন দল আপত্তি (প্রটেষ্ট) করতে চায় তাহলে আপত্তিপত্র খেলা শেষ হওয়ার ৬০ মিনিটের মধ্যে ২০০০/- (দুই হাজার) টাকা ফি ও উপযুক্ত প্রমানাদি সহ সংশ্লিষ্ট ক্রীড়া কমিটির সভাপতি/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে। কমিটির সিদ্ধান্ত যদি আবেদনকারীর পক্ষে বিবেচিত হয় তবে আবেদনকারীর জমাকৃত ফি ফেরৎ দেওয়া হবে। ফি ছাড়া কোন প্রটেষ্টই গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না

(খ) কোন শিক্ষা প্রতিষ্ঠান যদি অবৈধ কোন খেলোয়াড় দিয়ে খেলাটি খেলায় এবং অপর দল টি যদি ঐ খেলোয়াড় এর বিরুদ্ধে আপিল করে এবং আপিলে যদি তাহা প্রমানিত হয়। তবে ঐ প্রতিষ্ঠান কে বহিষ্কার করা হবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের শাস্তি মূলক ব্যাবস্থা গ্রহন করা হবে।

১৯। ঢাকা শিক্ষা বোর্ড বিভাগীয় (চূড়ান্ত) পর্যায়ে অংশগ্রহণকারী প্রতিযোগী ও কর্মকর্তাগণ বোর্ড নির্ধারিত হারে বোর্ডের পক্ষে খেলা পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতি/দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নিকট হতে দৈনিক খাওয়া খরচ (ফুড চার্জ) ও যাতায়াত খরচের অনুদান গ্রহণসহ নিজ ব্যবস্থায় ঢাকায় অবস্থান করবেন। তবে, জেলা ও জোন পর্যায়ের খেলায় কোন প্রকার ভাতা প্রদান করা হবে না। উল্লেখ্য, অ্যাথলেটিকস ব্যতিত সংশ্লিষ্ট প্রতিটি খেলার জন্য দলের সাথে ০২ (দুই) জন (ম্যানেজার+ক্রীড়া শিক্ষক) কর্মকর্তা আসতে পারবেন। অ্যাথলেটিকসের ক্ষেত্রে ০১ (এক) জন কর্মকর্তা সাথে আসতে পারবেন।

২০। এই নীতিমালা (বাইলজ) দ্বারা সমাধান যোগ্য নয় এরুপ কোন সমস্যার উদ্ভব হলে সে বিষয়ে সংশ্লিষ্ট ক্রীড়া পরিচালনা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২১। খেলোয়ার কর্মকর্তা ছাড়া অন্য কোন দর্শক টিমের সাথে মাঠে প্রবেশ করতে পারবে না।

<u>বিশেষ দ্রষ্টব্যঃ (ক) অনুমতি ও স্বীকৃতিপ্রাপ্ত সকল কলেজকে এ নীতিমালা (বাইলজ) অনুসরণপূর্বক খেলায় অংশগ্রহণ বাধ্যতামূলক।</u>

<u>(খ) খেলার সংগে সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে।</u>

<u>এ নীতিমালার (বাইলজ) যে কোন বিষয়ে পরিবর্তন/পরিবর্ধন/বাতিল করার ক্ষমতা ঢাকা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।</u>

| | | |
|---|---|---|
| মোঃ মিজানুর রহমান<br>শারীরিক শিক্ষা অফিসার<br>মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা | আব্দুর রহমান শিকদার<br>প্রধান মুল্যায়ন অফিসার<br>মাধ্যমিক ও উচ্চমাধ্যমীক শিক্ষা বোর্ড, ঢাকা। | প্রফেসর তপন কুমার সরকার<br>চেয়ারম্যান<br>মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা। |